**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 11-06-24** **Desk in Charge :**

**Time : 7-50 PM** **Compiling :**

**Opening Announcement – আকাশবাণী / খবর পড়ছি –**

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে লোকসভা ভোটের জেরে থমকে যাওয়া বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ যাতে সময়ে শেষ করা যায় সেজন্য প্রশাসনকে পূর্ণ শক্তি নিয়োজিত করতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী ।

# উন্নয়নের কাজের কথা মাথায় রেখে রাজ্যে ১০ টি শূণ্য বিধানসভা আসনে একসঙ্গে উপনির্বাচন করানোর জন্য তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের কাছে দাবী জানিয়েছে।

২/ লোকসভা ভোট মিটতেই পুরনো পদে ফেরানো হলো বেশ কয়েকজন IPS অফিসারকে।

৩/ রাজ্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত একমাসের মহার্ঘ্যভাতা দেওয়ার বিজ্ঞপ্তি জারি করেছে অর্থ দপ্তর।

৪/ নিট UG-তে অনিয়ম এবং প্রশ্ন ফাঁসের অভিযোগের ব্যাপারে সুপ্রিম কোর্ট NTA-কে নোটিশ দিয়েছে।

#আগামী শিক্ষাবর্ষ থেকে বছরে দু-বার বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবেন পড়ুয়ারা।

৫/ গরমে হাঁসফাঁস দক্ষিণবঙ্গের মানুষ বর্ষার অপেক্ষায়।

# আগামীকাল পর্যন্ত তীব্র তাপপ্রবাহের সতর্কতা থাকছে বিভিন্ন জেলায়।

*************************************************************

রাজ্যে লোকসভা ভোটের জেরে থমকে যাওয়া বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ যাতে সময়ে শেষ করা যায় সেজন্য প্রশাসনকে পূর্ণ শক্তি নিয়োজিত করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশ দিয়েছেন। নবান্নে আজ এক পর্যালোচনা বৈঠকে তিনি রাজ্যেরর বিভিন্ন প্রান্তে উন্নয়নের কাজের হাল হকিকত খতিয়ে দেখেন। কোথায় আর্থিক বরাদ্দ রয়েছে, কোথায় কতটা কাজ এগিয়েছে, চলতে থাকা কাজ কতটা বাকি রয়েছে, নতুন করে আরও কিছু লাগবে কি না, তা সংশ্লিষ্ট দফতরের মন্ত্রী ও আমলাদের কাছে জানতে চান তিনি। একইসঙ্গে আবাস প্রকল্পের যোগ্য উপভোক্তাদের খুঁজে বের করতে নতুন করে সমীক্ষা চালানোরও নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। সম্প্রতি উত্তরবঙ্গের জলপাইগুড়িতে টর্নেডোয় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত হয় সুন্দরবন-সহ উপকূলবর্তী অঞ্চল। দুর্গত এলাকার পূণর্গঠন ও বাসিন্দাদের পূনর্বাসনের কাজ দ্রুত শেষ করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। লক্ষ্মীর ভাণ্ডার, কন্যাশ্রী, যুবশ্রী, বার্ধক্যভাতা, স্টুডেন্ট ক্রেডিট কার্ড, কৃষকভাতা, সবুজসাথী, যোগ্যশ্রী-সহ সমস্ত সরকারি প্রকল্পের সুবিধা যাতে সকলের কাছে সময় মতো পৌঁছাতে বলা হয়েছে। আসন্ন বর্ষার মরশুমকে সামনে রেখে বাঁধ মেরামতি, শস্যহানি রোধে পর্যাপ্ত ব্যবস্থা ও ডেঙ্গু নিয়ন্ত্রণে গতি আনতে বলা হয়েছে।

*******************

উন্নয়নমূলক কাজকর্মের কথা মাথায় রেখে তৃণমূল কংগ্রেস, ১০টি শূন্য বিধানসভা আসনে একসঙ্গে উপনির্বাচনের দাবি জানিয়ে নির্বাচন কমিশনে চিঠি দিয়েছে। ছ'টি কেন্দ্র বাকি রেখে কেন তড়িঘড়ি চারটি কেন্দ্রে উপনির্বাচন করানো হচ্ছে, চিঠিতে সেই প্রশ্ন তোলা হয়েছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। তৃণমূলের বক্তব্য, এইভাবে নির্বাচন করালে আদর্শ আচরণবিধির জন্যে প্রশাসনিক কাজে ব্যাঘাত ঘটবে।

উল্লেখ্য, নির্বাচন কমিশন আগামী ১০'ই জুলাই বাগদা, রানাঘাট দক্ষিণ, মানিকতলা ও রায়গঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনের দিন ঘোষণা করেছে।

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মানিকতলা কেন্দ্রের প্রয়াত বিধায়ক সাধন পান্ডের স্ত্রী সুপ্তি পান্ডেকে উপনির্বাচনের প্রার্থী হিসেবে বেছে নিয়েছেন বলে, সূত্রের খবর। তবে আনুষ্ঠানিকভাবে এখনো তাঁর নাম ঘোষণা করা হয়নি। বিষয়টি নিয়ে নবান্নে কুণাল ঘোষ, অতীন ঘোষ, স্বপন সমাদ্দার, পরেশ পাল প্রমুখকে নিয়ে দলনেত্রী আলোচনা করেন।

*******************

লোকসভা ভোট মিটতেই পুরনো পদে ফেরানো হলো বেশ কয়েকজন IPS অফিসারকে। ভোটের সময় নির্বাচন কমিশন তাঁদের সরিয়ে দেয়।

সুন্দরবন পুলিশ জেলার সুপার পদে ফিরছেন কোটেশ্বর রাও নালাবৎ। পুরুলিয়ার পুলিশ সুপার পদে অভিজিৎ ব্যানার্জি, পশ্চিম মেদিনীপুরে ধৃতিমান সরকার, পূর্ব মেদিনীপুরে অমিত ভার্মা, কলকাতা দক্ষিণ-পশ্চিমের ডেপুটি কমিশনার পদে ফিরছেন সৌম্য রায়। দক্ষিণ দিনাজপুরের পুলিশ সুপার হিসেবে সন্দীপ কাররা এবং ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের ডিসি সেন্ট্রাল পদে কুলদীপ সুরেশ সোনাওয়ানে নিযুক্ত হয়েছেন।

পূর্ব মেদিনীপুরের কাঁথির SDPO পদে দিবাকর দাস, বসিরহাটের মীনাখাঁ-র SDPO পদে আমিনুল ইসলাম খান, হাওড়া গ্রামীণের ডেপুটি পুলিশ সুপার সদর হিসেবে অমিতাভ কোণার এবং দার্জিলিং-এর ডেপুটি পুলিশ সুপার সদর পদে আজহারুদ্দিন খানকে'ও ফিরিয়ে আনা হয়েছে।

*******************

লোকসভা ভোটের ফল ঘোষণার পর কোচবিহারে আরো একটি গ্রাম পঞ্চায়েত, বিজেপির হাতছাড়া হল।

তুফানগঞ্জ এক নম্বর ব্লকের বলরামপুর দু-নম্বর গ্রাম পঞ্চায়েতের ৭'জন সদস্যের মধ্যে প্রধান সহ ৫'জন আজ তৃণমূল কংগ্রেসে যোগ দেন। এর ফলে এই গ্রাম পঞ্চায়েতে সংখ্যাগরিষ্ঠতা পেল তৃণমূল।

এর আগে ভেটাগুড়ি এক ও দুই, মাতালহাট, নয়ারহাট এবং পাড়াডুবি পঞ্চায়েত'ও বিজেপির হাতছাড়া হয়েছে। তুফানগঞ্জের আন্দারণ ফুলবাড়ি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের অফিসে আজ সকালে তালা ঝুলিয়ে দেয় তৃণমূল কংগ্রেস। বিজেপির পতাকা ছিঁড়ে ফেলা হয় বলে অভিযোগ।

ভোট পরবর্তী অশান্তিও চলছে জেলায় জেলায়।

উত্তর ২৪ পরগণার অশোকনগর থানার কচুয়া মোরে এক বিজেপি কর্মীর দোকান ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। যদিও একে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব বলে দাবী করেছে তৃণমূল কংগ্রেস।

হিঙ্গলগঞ্জের সাহেবখালি অঞ্চলে গতরাতে তৃণমূল কংগ্রেসের বিজয় মিছিলের পরই বিজেপির বুথ সভাপতির বাড়িতে ভাঙচুর ও লুটপাট চালানো হয় বলে অভিযোগ।

*******************

করের ভাগ হিসেবে রাজ্যকে কেন্দ্রীয় সরকার ১০ হাজার ৫১৩ কোটি টাকা দেবার পরের দিনই রাজ্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত এক মাসের মহার্ঘ্য ভাতা দেওয়ার কথা ঘোষণা করা হলো। বিজ্ঞপ্তি দিয়ে রাজ্যের অর্থ দফতর জানিয়েছে, পয়লা এপ্রিল থেকেই বর্ধিত হারে DA পাবেন সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান, বিধিবদ্ধ সংস্থা, পঞ্চায়েত-পুরনিগম-পুরসভা, স্থানীয় স্বশাসিত সংস্থার কর্মী এবং পেনশনভোগীরা। মে মাস থেকেই তাঁরা বর্ধিত হারে DA পাচ্ছিলেন। এবার জুলাই মাসের বেতনের সঙ্গে দেওয়া হবে এপ্রিল মাসের অতিরিক্ত DA । উপকৃত হবেন প্রায় ১৪ লক্ষ সরকারি কর্মচারী।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতবছর ডিসেম্বরে এক অনুষ্ঠানে, মে মাস থেকে চার শতাংশ হারে মহার্ঘ্যভাতা দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। সম্প্রতি নির্বাচনী প্রচারে গিয়ে এপ্রিল থেকে DA দেওয়া হবে বলে জানান তিনি।

*******************

নবগঠিত কেন্দ্রীয় মন্ত্রি পরিষদের সদস্যরা আজ নিজ নিজ দপ্তরের দায়িত্ব গ্রহণ করেছেন। শিক্ষা ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী হিসেবে

দায়িত্ব নেওয়ার পর বালুরঘাটের বিজেপি সাংসদ সুকান্ত মজুমদার সাংবাদিকদের বলেন, শিক্ষা ক্ষেত্রের উন্নতির জন্য যা যা করণীয়, তা' তিনি করবেন।

(বাইট- সুকান্ত )

*******************

ডাক্তারির স্নাতক স্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট UG-তে অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে, জাতীয় পরীক্ষা নিয়ামক সংস্থা NTA-কে নোটিশ দিয়ে জবাব তলব করেছে সুপ্রিম কোর্ট। তবে, ভর্তির কাউন্সেলিং প্রক্রিয়ায় কোন স্থগিতাদেশ দেয়নি।

প্রশ্নপত্র ফাঁস, অতিরিক্ত নম্বর দেওয়া সহ একাধিক অভিযোগে পরীক্ষা বাতিল করতে চেয়ে করা আবেদনের শুনানিতে বিচারপতি বিক্রম নাথ এবং বিচারপতি এহসানউদ্দিন আমানুল্লার অবকাশকালীন বেঞ্চ আজ জানায়, পরীক্ষার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠছে। তাই NTA-কে এর উত্তর দিতে হবে।

আগামী ৮-ই জুলাই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য নির্দিষ্ট সময়ের আগেই লোকসভা নির্বাচনের ফল ঘোষণার দিন চৌঠা জুন নিট পরীক্ষার ফল প্রকাশিত হওয়া নিয়েও প্রশ্ন উঠেছে বিভিন্ন মহলে।

এদিকে, নিটের প্রশ্ন ফাঁস ও দুর্নীতির অভিযোগে কংগ্রেসের ছাত্র সংগঠন আজ কলকাতার কলেজ স্ট্রীটে বিক্ষোভ দেখায়। রাজ্য ছাত্র পরিষদের সভাপতি সৌরভ প্রসাদের নেতৃত্বে বিক্ষোভকারীরা নতুন করে নিট নেওয়া এবং সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে তদন্তের দাবী জানান।

*******************

বিশ্ববিদ্যালয় সহ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি আগামী শিক্ষাবর্ষ থেকে বছরে দু-বার ছাত্র-ছাত্রীদের ভর্তি নিতে পারবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে বর্তমান নিয়ম অনুযায়ী বছরে একবারই পড়ুয়ারা এই সব প্রতিষ্ঠানে ভর্তি হতে পারে।

UGC-র চেয়ারম্যান এম জগদেশ কুমার জানিয়েছেন, এই সিদ্ধান্তের ফলে বোর্ডের ফল ঘোষণায় বিলম্ব, স্বাস্থ্য বা ব্যক্তিগত সমস্যার করাণে যারা ভর্তি

হতে পারেননি, সেই সব শিক্ষার্থীরা উপকৃত হবেন। আগামী শিক্ষাবর্ষের জুলাই-আগস্ট এবং জানুয়ারী-ফেব্রুয়ারী মাসে এই ভর্তি প্রক্রিয়া চলবে।

*******************

গরমে হাঁসফাঁস দক্ষিণবঙ্গের মানুষ বর্ষার অপেক্ষায়। তবে, এখনও পশ্চিমী বাতাস বইতে থাকায়, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু কবে দক্ষিণবঙ্গে প্রবেশ করবে তা এখনও নিশ্চিত নয় বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

( বাইট- সোমনাথ)

আগামীকাল পর্যন্ত তীব্র তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে পশ্চিম বর্ধমান, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার জন্য। বাঁকুড়া, ঝাড়গ্রাম, বীরভূম, পূর্ব বর্ধমান ও হুগলী জেলার কিছু অংশেও তাপপ্রবাহের পরিস্থিতি থাকার সম্ভাবনা। বাকি অংশে থাকবে অস্বস্তিকর গরম। বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে অনেক জেলায়। বৃহস্পতিবারও পশ্চিম বর্ধমান ও পশ্চিম মেদিনীপুরে তীব্র তাপপ্রবাহের কমলা সতর্কতা থাকছে। পুরুলিয়া, বাঁকুড়া ও ঝাড়গ্রামে থাকবে তাপপ্রবাহের পরিস্থিতি।

এদিকে, বাঁকুড়া শহরে এক টোটো চালকের আকস্মিক মৃত্যুর কারণ হিট স্ট্রোক বলে মনে করা হচ্ছে। শোভন পুজারু নামে ওই টোটো চালক প্রচন্ড গরমের মধ্যে আজ পাঁচবাগা এলাকায় একটি নলকূপ থেকে জল খাওয়ার পরই অসুস্থ হয়ে পড়েন। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাঁকে মৃত ঘোষণা করা হয়। তবে, বিকেলের দিকে বৃষ্টি নামায় কিছুটা স্বস্তিতে জেলাবাসী। পূর্ব ও পশ্চিম বর্ধমানেও বৃষ্টি হচ্ছে।

এদিকে, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সক্রিয় থাকায় উত্তরবঙ্গের সব জেলাতেই বৃষ্টি চলবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর। ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায়। দার্জিলিং-এও দু-এক জায়গায় আগামীকাল ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা।

পুরুলিয়ায় আজ তাপমাত্রা স্বাভাবিকের ৮’ডিগ্রি ওপরে উঠে ৪৪ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়েছে।

কলাইকুন্ডায় তাপমাত্রা পৌঁছয় ৪৩ দশমিক ৫’ডিগ্রি সেলসিয়াসে, স্বাভাবিকের চেয়ে যা ৮’দশমিক ৪ ডিগ্রি বেশী।

ঝাড়গ্রাম, পানাগড়, মগরা, শ্রীনিকেতন, বাঁকুড়া, মেদিনীপুর এবং উলুবেড়িয়াতেও আজ তাপমাত্রার পারদ স্বাভাবিকের চার থেকে ৫’ ডিগ্রি ওপরে ঘোরাফেরা করেছে।

*******************

পূর্ব মেদিনীপুরের কোলাঘাটের পয়াগ্রামে বাড়িতে বিষ্ফোরণের ঘটনায় পশ্চিম মেদিনীপুরের দাসপুর থেকে বাড়ির মালিক আনন্দ মাইতিকে পুলিশ গ্রেপ্তার করেছে। আজ তাঁকে তমলুক আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজত হয়।

ওই বাড়িতে বেআইনিভাবে বাজি তৈরী করা হত বলে অভিযোগ। বিষ্ফোরণের পরি বাড়িটিতে আগুন ধরে যায়। ধ্বংসস্তুপে পরিণত হয় সেটি। আশপাশের ঘরবাড়িও ক্ষতিগ্রস্ত হয়।

উল্লেখ্য, গতবছর মে মাসে পূর্ব মেদিনীপুরের এগরার খাদিকুলে অবৈধ বাজি কারখানায় বিষ্ফোরণে কারখানার মালিক ভানু বাগ সহ নিহত হন ১২ জন। মুখ্যমন্ত্রী সেইসময় ওই গ্রামে গিয়ে বেআইনি বাজি কারখানা বন্ধে বাজির ক্লাস্টার তৈরীর কথা ঘোষণা করলেও, ঘরে ঘরে বিনা লাইসেন্সে অবৈধ বাজি তৈরী বন্ধ করা যায়নি বলে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন।

***********************************************************